

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



সিনিয়র  
সচিব  
মহোদয়ের  
সিরাজগঞ্জ  
৬৮  
মেঃওঃ  
সোলার  
পার্ক  
প্রজেক্ট  
পরিদর্শন



কোম্পানির  
সিএসআর  
কার্যক্রম



## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

## উপদেষ্টামন্ডলী

### প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ

নির্বাহী পরিচালক (প্রকৌঃ), এনডব্লিউপিজিসিএল

### প্রকৌঃ মোঃ হাবিবুর রহমান

নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

### এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক

নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

### মোঃ মামুনুর রহমান মন্ডল

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

## প্রকাশক

কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল

## সম্পাদক

বিমল চন্দ্র রায় এফসিএস

কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

## সম্বয়ক

### প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান

তত্ত্বাবধায়ক প্রকৌঃলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

## সহকারী সম্পাদক

### আখতার মাহমুদ

উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল



## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন

### কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পাশুপথ,

কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোন: ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২

ওয়েবসাইট: www.nwpgcl.gov.bd

ফেইসবুক পেইজ:

https://www.facebook.com/NWPGCL/

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা  
এপ্রিল-জুন ২০২৪ সংখ্যা

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ এর ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং শাস্ত্রীয় বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। সর্বাবস্থায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করে চলছে। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বে নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ নিয়মিতভাবেই কোম্পানির কর্মকান্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

## সম্পাদক

বিমল চন্দ্র রায় এফসিএস

কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

## স্বাগত বক্তব্য



**প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, এনড্রিপিজিসিএল**

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরে ‘এনড্রিপিজিসিএল বার্তা’ এর ৪র্থ সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। ‘এনড্রিপিজিসিএল বার্তা’র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি ‘এনড্রিপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

## সূচীপত্র

### কোম্পানি সংক্রান্ত তথ্য

কোম্পানি পরিচিতি ৫

এক নজরে কোম্পানির কার্যক্রম ৬

### বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিবের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র ভ্রমণ ৭

### বিদ্যুৎ কেন্দ্র সংক্রান্ত তথ্য

খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পানির সমস্যা ও প্রস্তাবিত সমাধান ৮

খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ১০

মধুমতি ১০০ মেঃ ওঃ এইচএফও ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ১৩

### সিএসআর

খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পানির সমস্যা ও প্রস্তাবিত সমাধান ১৯

ভেড়ামারা ৪১০ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ২০

মধুমতি ১০০ মেঃ ওঃ এইচএফও ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ২১

### কোম্পানির অন্যান্য সংবাদ

এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্যদের বিদায়ী পরিচালককে সম্বর্ধনা ও নতুন সম্মানিত সদস্যকে বরণ ২২

এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্যদের বিদায়ী প্রধান প্রকৌশলীকে সম্বর্ধনা ২২

গ্যাস সাপ্লাই এগ্রিমেন্ট (জিএসএ) স্বাক্ষর ২৩

রেজিলিয়েন্স প্রোগ্রাম (Cyber Resilience Program) এর জন্য এমওইউ স্বাক্ষর ২৩

ইনোভেশন পুরস্কার ২০২৩-২৪ প্রদান ২৪

অপটিমাইজড মেইনটেইনেন্স এগ্রিমেন্ট স্বাক্ষর ২৬

# কোম্পানি পরিচিতি



দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কনসাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন

ক্ষমতা ৩০৬৩.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। বর্তমানে কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের নেট উৎপাদন ক্ষমতা ৩৫০৬.৫৫ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের সম্ভাব্য নেট উৎপাদন ক্ষমতা ২৯৩০.৩২ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, বিপিএএ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী কাজী আবসার উদ্দীন আহমেদ। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

ক্র. নং	বিদ্যুৎ কেন্দ্রের নাম	জ্বালানি	নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ
১	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২১৪	সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২ কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪
২	খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২৩০	সিম্পল সাইকেল: সেপ্টেম্বর ২০১৩ কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬
৩	ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৪১০	সিম্পল সাইকেল: মে ২০১৭ কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭
৪	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২২০	ফেব্রুয়ারী ২০১৮
৫	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২২০	সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮ কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯
৬	মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র	এইচএফও	১০৫	এপ্রিল ২০১৯
৭	সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৪১৪	সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮ কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯
৮	পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা)	কয়লা	১২৪৪	১ম ইউনিট: মে, ২০২০ ২য় ইউনিট: ডিসেম্বর, ২০২০
৯	সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র	---	৬.১৩	৩০ মার্চ ২০২১
বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা			৩০৬৩.১৩ মেঃওঃ	

## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

ক্র. নং	প্রকল্পের নাম	জ্বালানি	উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ
১.	পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা)	কয়লা	১২৪৪	১ম ইউনিট: নভেম্বর ২০২৫ ৪র্থ ইউনিট: এপ্রিল ২০২৬
২.	রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৮৮০	১ম ইউনিট: সেপ্টেম্বর ২০২৪ ২য় ইউনিট: মার্চ ২০২৫
৩.	পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়)	এলএনজি	১২০০	ডিসেম্বর, ২০২৭
৪.	সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ মালিকানা)	সোলার	৬৮	জুন, ২০২৪
৫.	পাবনা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ মালিকানা)	সোলার	৬৪.৫৫	ডিসেম্বর, ২০২৩
৬.	পায়রা ২০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প	উইন্ড	২০	ডিসেম্বর, ২০২৫
৭.	কুড়িগ্রাম ৪৪.৮ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ মালিকানা)	সোলার	৪৪.৮	জুন ২০২৬
মোট উৎপাদন ক্ষমতা			৩৫২১.৩৫	


## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

ক্র. নং	প্রকল্পের নাম	জ্বালানি	উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ
১.	পায়রা ১০০ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ উদ্যোগ)	সোলার	৪০	জুন ২০২৬
২.	পায়রা ৩০ মেঃওঃ উইন্ড পাওয়ার প্লান্ট প্রজেক্ট (২য় পর্যায়) (যৌথ উদ্যোগ)	উইন্ড	৩০	জুন ২০২৭
৩.	হেমায়েতপুর ৩৫ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ উদ্যোগ)	সোলার	৩৫	ডিসেম্বর ২০২৬
৪.	পায়রা এলএনজি টু পাওয়ার প্রজেক্ট (২য় পর্যায়)	এলএনজি	১২০০	জুন, ২০৩০
৫.	পায়রা এলএনজি টু পাওয়ার প্রজেক্ট (৩য় পর্যায়)	এলএনজি	১২০০	জুন, ২০৩৩
মোট ক্ষমতা			২৫০৫ মেঃওঃ	

বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিবের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র ভ্রমণ

২৩ মে ২০২৪ ইং তারিখে বিদ্যুৎ বিভাগের মাননীয় সিনিয়র সচিব জনাব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ মহোদয়, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান (গ্রেড ১) জনাব মোঃ মাহবুবুর রহমান, পিজিসিবি ও বিসিপিএল-এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ এবং বিসিপিএল-এর সম্মানিত পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর আওতাধীন সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন।

সিনিয়র সচিব বিদ্যুৎ বিভাগ মহোদয় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শনের পাশাপাশি সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রিড কানেক্টেড সোলার ফটোভোলটাইক পাওয়ার প্ল্যান্ট ও সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পও পরিদর্শন করেন। এছাড়া, নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সম্ভাব্যতা সরেজমিনে যাচাইকল্পে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের পার্শ্ববর্তী চরও তিনি পরিদর্শন করেন।



## খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পানির সমস্যা ও প্রস্তাবিত সমাধান

বিদ্যুৎ উৎপাদনে সরকারি মালিকানাধীন নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের আওতাধীন খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রটি (২০১৩ সাল হতে খুলনা ১৫০ মেঃ ওঃ পিকিং প্ল্যান্ট এবং ২০১৬ সাল হতে কন্সাইন্ড সাইকেল হিসেবে) গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। বাংলাদেশের দক্ষিণে অবস্থিত খুলনা/ গোয়ালপাড়া পাওয়ার স্টেশন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অনেক পুরাতন একটি গুরুত্বপূর্ণ পাওয়ার স্টেশন। ২০১৩ সালে খুলনা পাওয়ার স্টেশনের সংলগ্ন পশ্চিম পাশে কিছু অংশ নিয়ে যাত্রা শুরু করে খুলনা ১৫০ মেঃ ওঃ পিকিং প্ল্যান্ট। উদ্দেশ্য ছিল ক্রম-বর্ধমান বিদ্যুৎ চাহিদাকে সামাল দেয়া ও পাওয়ার সেক্টর মাস্টার প্ল্যান (পিএসএমপি) বাস্তবায়নের মাধ্যমে আগামীর সম্ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়া। বিদ্যুৎ উৎপাদনে আসার পর থেকেই জরুরী প্রয়োজনে বিশ্বস্ততার সাথে ও নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করে আসছে এই কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রটি হউক সে - সেচ মৌসুম, তীব্র গরম অথবা গ্রিডের আপদকালীন সময়।

খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রটি একটি শক্তিশালী পাওয়ার হাবের অংশ হিসেবেই তার পথচলা শুরু করে। ভৌগোলিক অবস্থান অনুযায়ী, বিদ্যুৎ কেন্দ্রটি সমুদ্র তীরবর্তী না হলেও এবং সমুদ্রের সাথে ওতপ্রোতভাবে জড়িত নদী বিধৌত এলাকায় এর অবস্থান। প্ল্যান্টটির উত্তর পার্শ্ব দিয়ে বয়ে গেছে ভৈরব নদী যা পরবর্তীতে রূপসা হয়ে গিয়ে মিশেছে সমুদ্রে। সমুদ্রের নোনা পানির আগ্রাসন, ভূগর্ভস্থ পানির স্তর নেমে যাওয়া এবং সর্বোপরি ব্যবহার উপযোগী পানির অভাব এ অঞ্চলে বসবাসকারী সাধারণ মানুষের জীবনযাত্রাকে যেমন কষ্ট সাধ্য করে তুলেছে তেমনই বিদ্যুৎ কেন্দ্র সমূহের পরিচালনে চ্যালেঞ্জ সৃষ্টি করেছে।

খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রটি মূলত একটি গ্যাস টার্বাইন ইউনিট এবং একটি স্টীম টার্বাইন ইউনিট এর সমন্বয়ে কন্সাইন্ড সাইকেলে প্রায় ২৩২ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদনে সক্ষম। ডিজেল বা HSD (High Speed Diesel) দ্বারা পরিচালিত এই বিদ্যুৎ কেন্দ্রের রয়েছে পরিবেশ দূষণ রোধে NOx Emission Control সিস্টেম। এটি পরিচালনে ঘণ্টায় প্রয়োজন হয় প্রায় ৪৫ টন অত্যন্ত বিশুদ্ধ মাত্রার De-mineralized/ Ultra-pure পানি। অপর দিকে গ্যাস টার্বাইন হতে নির্গত উত্তপ্ত গ্যাসকে কাজে লাগিয়ে পরিচালিত হয় একটি আধুনিক HRSG (Heat Recovery Steam Generator)। এই HRSG পরিচালনে বা প্রতিনিয়ত স্টীম উৎপাদনে ঘণ্টায় প্রয়োজন হয় প্রায় ২০ টন অত্যন্ত বিশুদ্ধ মাত্রার De-mineralized/ Ultra-pure পানি। মূলত উৎপাদিত এই স্টীম দিয়েই পরিচালিত হয় স্টীম টার্বাইন ইউনিট। স্টীমের পরিমাণ এবং মান বিবেচনায় তা পুনঃব্যবহার করার উদ্দেশ্যে প্রতিনিয়ত ঠান্ডা করে ঘনীভূত করা হয় Condenser-এর মাধ্যমে। একারণেই স্টীম টার্বাইন ইউনিটটি পরিচালনে সমন্বিত ভাবে কনডেনসার, জেনারেটর, ভ্যাকুয়াম পাম্প, লুব অয়েল সিস্টেমকে ঠান্ডা রাখতে একটি Open Recirculation ধরণের Induced Draft কুলিং টাওয়ার ব্যবহার করা হয়। ব্যবহৃত এই কুলিং টাওয়ারটিতে Evaporation জনিত ঘাটতি পূরণে ঘণ্টায় প্রায় ৩০০ টন পরিশোধিত পানি সরবরাহ করার প্রয়োজন হয়। সার্বিকভাবে তাই বিদ্যুৎ কেন্দ্রটি পরিচালনে ঘণ্টায় ৩৬০ টন/ ঘনমিটার পরিশোধিত পানির নিরবিচ্ছিন্ন সরবরাহ করা বাঞ্ছনীয়। আবার কুলিং টাওয়ারটির নির্মাণ নকশা অনুযায়ী Concentration of Cycle (COC) নির্ধারিত রয়েছে ৩.৫ এবং সর্বচ্চো গ্রহণযোগ্য Conductivity (পানির বিদ্যুৎ পরিবাহী ধর্ম যা হতে বিদ্যমান ধাতব অপদ্রব্যের উপস্থিতি নির্ণয় করা হয়) রাখা হয়েছে 6000  $\mu\text{S}/\text{cm}$ .

খুলনা পাওয়ার স্টেশন বিদ্যুৎ উৎপাদনের সূচনা লগ্নে তার পানি পরিশোধনাগার গুলোতে 500  $\mu\text{S}/\text{cm}$  Conductivity-এর পানি দিয়ে পরিচালন শুরু করে। শেষ অবধি প্ল্যান্ট পরিচালনার ক্রান্তি লগ্নে তা 1500  $\mu\text{S}/\text{cm}$  Conductivity তে এসে ঠেকে। এর মাঝেও বহু চড়াই উতরাই সে পার করেছে মান সম্পন্ন পানির সরবরাহ নিশ্চিত করতে। কখনও পানি সংগ্রহের জন্য বার্জ নিয়ে ৪০ কিঃমিঃ উজানে যেতে হয়েছে ভৈরব নদীর। একইভাবে, ২০১৩ সালে ভূগর্ভস্থ পানির ব্যবহারের ভিত্তিতে 1917  $\mu\text{S}/\text{cm}$  Conductivity-এর কারিগরি নকশা দিয়ে খুলনা ১৫০ মেঃ

৩ঃ পিকিং পাওয়ার প্ল্যান্টের যাত্রা শুরু হয়। কিন্তু ভূগর্ভস্থ পানির **Conductivity** আর 1917 তে থেমে থাকে নি। পানির স্তরও অনেক নেমে গেছে। বর্তমানে ভূগর্ভস্থ পানির **Conductivity** প্রায় 2500  $\mu\text{S}/\text{cm}$  তে এসে ঠেকেছে। **Ion-exchange** ভিত্তিক ডি-মিনারেলাইজেশন পানি পরিশোধনাগারের সক্ষমতা তাই বহু আগেই অতিক্রম করেছে। যে কারণে ২০১৮ সালে ডি-মিনারেলাইজেশন প্ল্যান্টটির সক্ষমতা বৃদ্ধি ও নতুন করে গভীর নলকূপ স্থাপনের পাশাপাশি প্রয়োজন হয়ে পড়ে **Raw Water** এর মান পরিশোধনযোগ্য পর্যায়ে নিয়ে আসা। তারই অংশ হিসেবে একটি **Brackish Water** ভিত্তিক **Reverse Osmosis** প্ল্যান্ট স্থাপন করা হয়। কিন্তু বর্তমানে গভীর নলকূপ হতে মানসম্পন্ন পানির অপরিপূর্ণতা এবং কুলিং টাওয়ার পরিচালনে গুণগত মান বজায় রেখে প্ল্যান্ট পরিচালনে হিমশিম খেতে হচ্ছে।

উল্লেখ্য যে, বর্তমানে সরকারের গৃহীত পানি সংরক্ষণ পদক্ষেপের আওতায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) কর্তৃক ভূগর্ভস্থ পানির ব্যবহারকেও সীমিত করা হয়েছে। এ পরিস্থিতিতে তাই ভূগর্ভস্থ পানির ব্যবহার অনিশ্চিত হয়ে পড়েছে। বিকল্প হিসেবে আমাদের জন্য একমাত্র সমাধান হয়ে উঠেছে বছর জুড়ে পার্শ্ববর্তী ভৈরব নদীর পানি ব্যবহার নিশ্চিত করা। কিন্তু সেটি নিশ্চিত করতে হলেও দ্বিতীয় অনুচ্ছেদে উল্লেখিত সেই নোনা পানির সমস্যায় ভুগতে হচ্ছে আমাদের। সমুদ্রের সাথে সংযুক্ত জোয়ার-ভাঁটা পূর্ণ ভৈরব নদী শিল্প শহর খুলনা-নওয়াপাড়ার জন্য পরিবহন ব্যবস্থায় আশীর্বাদ হলেও বছরে দীর্ঘ আট মাস ধরে সমুদ্র থেকে জোয়ারের সাথে ধেয়ে আসা নোনা পানি শিল্প-কারখানার ব্যবহারের বিশেষ অনুপযোগী। এমতবস্থায়, প্রতিনিয়ত ঘণ্টায় ৩৬০ টন/ঘনমিটার নদীর নোনা পানি পরিশোধনের মাধ্যমে ব্যবহার উপযোগী করতে খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের প্রয়োজন নতুন কোন প্রযুক্তি/ পদ্ধতি/ ব্যবস্থাপনার প্রয়োগ করা। উল্লেখ্য যে, নদীতে প্রাপ্ত পানির রেকর্ডকৃত সর্বমোট **Conductivity** পাওয়া যায় ২৩,০০০  $\mu\text{S}/\text{cm}$  এবং শুষ্ক মৌসুমে গড়ে ১৫০০০  $\mu\text{S}/\text{cm}$ , যা বর্ষা মৌসুমে গড়ে ৪০০  $\mu\text{S}/\text{cm}$  তে নেমে থাকে। এমন পরিস্থিতিতে তাই ভূগর্ভস্থ গুণগত মানসম্পন্ন পানির স্বল্পতা ও পানির ব্যবহারে নিষেধাজ্ঞা এবং নদীর পানির ব্যবহার উপযোগী কারিগরি ব্যবস্থা না থাকায়, বর্তমানে প্ল্যান্টটির পরিচালন কঠিন এবং প্রশ্রবদ্ধ হয়ে পড়ছে। সেই ২০১৮ সালের পর থেকে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করলেও স্থায়ী সমাধানে উপনীত হওয়া সম্ভব হয় নি। নতুনভাবে দুইটি গভীর নলকূপ স্থাপন করা তারই একটি অংশ যা বর্তমানে প্রয়োজনীয় পরিমাণ মানসম্পন্ন পানি সরবরাহ করতে পারছে না।

গত ২৫ জুলাই ২০২৩ তারিখে নওপাজেকো-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অত্র প্ল্যান্ট পরিদর্শনকালে সমস্যাটি অবহিত করা হয় এবং মহোদয়ের নির্দেশ মোতাবেক সমস্যাটি সমাধানের বিভিন্ন সম্ভাব্য প্রস্তাবনা নিয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি সামগ্রিক বিবেচনায় একটি **Desalination Plant** স্থাপন করার বিষয়ে সম্মত হয়। গত ৯ মার্চ ২০২৪ তারিখে নওপাজেকো-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অত্র প্ল্যান্ট পরিদর্শনকালে এ বিষয়ে অগ্রগতি জানতে চাইলে মহোদয় বরাবর একটি নতুন **Ultra-Filtration (UF)** এবং **Saline Water Reverse Osmosis (SWRO)** নির্ভর **Desalination Plant** স্থাপনের বিষয়টি উপস্থাপন করা হয়। সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রস্তাবনাটি গুরুত্ব সহকারে গ্রহণ করেন এবং আমাদের পক্ষ হতে কারিগরি মান নির্ধারণ এবং অনুরূপ প্ল্যান্ট সমূহের আর্থিক বিশ্লেষণ চূড়ান্ত করার ব্যাপারে দিক-নির্দেশনা প্রদান করেন, যা ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।

বর্তমান পরিস্থিতিতে চাহিদা মোতাবেক অত্র প্ল্যান্টটির নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে, বর্তমান পানি স্বল্পতা এবং নতুনভাবে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) কর্তৃক আরোপিত পানি আইন মেনে মানসম্পন্ন পানির সরবরাহ নিশ্চিত করা বিশেষ জরুরী। বিধায় এ সমস্যা নিরসনে একটি নতুন **Ultra-Filtration (UF)** এবং **Saline Water Reverse Osmosis (SWRO)** নির্ভর **Desalination Plant** স্থাপন করার বিশেষ একটি পরিকল্পনা খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র হতে গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে একটি প্রস্তাবনা আরও বিশদভাবে পর্যালোচনার জন্য পিএন্ডডি দপ্তরের নিকট প্রেরণ করা হয়েছে। যা চূড়ান্তভাবে অনুমোদন ও আগামীতে পূর্ণরূপে বাস্তবায়নের অপেক্ষায় রয়েছে। আশা করা যাচ্ছে যে, পরিকল্পনাটি বাস্তবায়িত হলে বিদ্যমান এ সমস্যা খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রটি সফলতার সাথে প্রতিকার করতে সমর্থ হবে।

## খুলনা ২২৫ মেঃ ওঃ কস্মাইন্ড সাইকেন বিদ্যুৎ কেন্দ্র এর গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র

খুলনা ২২৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রে সম্প্রতি নিম্নোক্ত সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়ঃ

খুলনা ২২৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রে সম্প্রতি (এপ্রিল, মে, জুন ১৪ তারিখ পর্যন্ত) নিম্নোক্ত সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়ঃ

### ১। বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন **Scheduled ও Preventive Maintenance** কার্যক্রমঃ

অত্র বিদ্যুৎ কেন্দ্রে পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন **Schedule** এবং **Preventive Maintenance** কার্যক্রম পরিচালনা করা হয়। নিম্নে কিছু উল্লেখযোগ্য কাজের চিত্র তুলে ধরা হলঃ



Figure 1. old soda storage tank এর CO2 absorber/ filter মেরামত কার্যক্রমের বিভিন্ন পর্যায়।



Figure 2. HRSG এর top cover টিতে পেইন্ট করার আগে যথাযথভাবে surface preparation করা, manhole এর gasket বদল করা, উপরে অবস্থিত pipe-header সমূহের অবস্থা পর্যবেক্ষণ করা চলমান।



Figure 3. EH oil এর filter housing এর ভিতর ও filter সমূহের নিয়মিত condition monitoring কার্যক্রম চলমান।



Figure 4. Diverter damper এর hydraulic unit এর scheduled maintenance কার্যক্রম চলমান।

২। বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন Breakdown Maintenance কার্যক্রমঃ




Figure 1. বিদ্যুৎ কেন্দ্রের পুরাতন Hydrochloric acid storage tank মেরামতের উদ্দেশ্যে ট্যাংকের HCl একটি temporary setup erection করার মাধ্যমে নতুন HCl storage tank এ স্থানান্তরের কাজ চলমান



Figure 2. Aeration pool এর pump এর maintenance কাজ চলমান।



Figure 3. Neutralization basin এর blower মেরামত কাজ চলমান।



Figure 4. firefighting system এর maintenance চলমান।

## মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র এর গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র

### ১। ইঞ্জিন-০১ এর চার্জ এয়ার কুলার পরিক্ষারকরণ

ইঞ্জিন-০১ এর চার্জ এয়ার কুলারের differential pressure বেড়ে যায়, পরবর্তীতে কুলার খুলে দেখা যায় fins গুলোতে অনেক ময়লা জমে গেছে। এরপর দুই ব্যাংকের কুলারকে কেমিক্যাল দিয়ে পরিক্ষার করে hydraulic pressure test করে তারপর পুনরায় ইঞ্জিনে assemble করা হয়।



চিত্রঃ চার্জ এয়ার কুলার ইঞ্জিন থেকে বের করা হচ্ছে



চিত্রঃ চার্জ এয়ার কুলার কেমিক্যাল দিয়ে পরিক্ষার করা হচ্ছে



চিত্রঃ Hydraulic Hand Pump ব্যবহার করে 8 bar pressure এ test করা হচ্ছে।






চিত্রঃ চার্জ এয়ার কুলার ইঞ্জিনে assemble করা হচ্ছে।

**২। ইঞ্জিন-০২ এর exhaust manifold-এর লিকেজ মেরামত করা**

ইঞ্জিন-০২ এর exhaust manifold থেকে exhaust লিকেজ পাওয়া যায়, পরবর্তিতে cover খুলে দেখা যায় B7 cylinder exhaust bellows ছিদ্র হয়ে গেছে। এরপর সেখানে নষ্ট bellows খুলে নতুন bellows স্থাপন করা হয়।



চিত্রঃ ইঞ্জিন থেকে নষ্ট bellows খুলে ফেলা হচ্ছে।



চিত্রঃ ইঞ্জিনে নতুন bellows স্থাপন করা হচ্ছে।

**৩। ইঞ্জিন-০৪ crankshaft এর hot deflection পরিমাপ করা ও camshaft পর্যবেক্ষণ করা**

ইঞ্জিন-০৪ এর ৮০০০ ঘণ্টা schedule maintenance কাজের আওতায় crankshaft এর hot deflection পরিমাপ ও camshaft contact faces পর্যবেক্ষণ করা হয়।



চিত্রঃ ইঞ্জিনের crankshaft-এর hot deflection পরিমাপ করা হচ্ছে





চিত্রঃ ইঞ্জিনের Camshaft contact faces পর্যবেক্ষণ করা হচ্ছে



## ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কাজ

১. 11KV সুইচগিয়ার সিস্টেমে BAE061 প্যানেলে ব্যবহৃত switchgear intelligent operating and display device টি নষ্ট হওয়ায় একটি নতুন ডিভাইস দ্বারা সেটি প্রতিস্থাপন করা হয়েছে। উক্ত ডিভাইসের সহায়তায় 11KV সুইচগিয়ার সিস্টেম বর্তমানে যথাযথভাবে কাজ করছে।




চিত্রঃ নতুন ডিভাইস সংযোগ দেওয়া হচ্ছে।

২. Radiator VFD এর ত্রিবার্ষিক schedule maintenance এর আওতায় নিম্নোক্ত কাজসমূহ সম্পাদন করা হয়েছে-

ক. প্যানেল কুলিং ফ্যানের physical condition চেক করা হয়েছে। সব স্বাভাবিক পাওয়া গেছে।

খ. কুলিং ফ্যান বডি এবং সমস্ত প্যানেলের এয়ার ফিল্টার পরিষ্কার করা হয়েছে।



চিত্রঃ কুলিং ফ্যান এবং এয়ার ফিল্টার খোলার মুহূর্তে।

৩. 11kV Outgoing feeder unit-1 এর ত্রুটিপূর্ণ Protection Relay এর স্থলে নতুন Relay স্থাপন করা হয়েছে। বর্তমানে Outgoing feeder unit-1 প্রয়োজনীয় Protection সহ সচল রয়েছে।



চিত্রঃ নতুন Protection Relay সংযোগ দেওয়া হচ্ছে।



চিত্রঃ Negative pressure chamber পরিষ্কার করা হচ্ছে।

৪. E-5 এবং E-6 এর Oil Mist Detector (OMD) এর Condition based schedule maintenance আওতায় নিম্নোক্ত কাজসমূহ করা হয়েছে-

ক. ২ টি এয়ার ফিল্টার, IR glasses, negative pressure chamber পরিষ্কার করা হয়েছে।

খ. Negative air pressure পরিমাপ করা হয়েছে এবং 50 mm WC পাওয়া গেছে। পরে সেটি 60 mm WC তে adjust করা হয়েছে।

গ. সমস্ত OMD এর functionality check করা হয়েছে এবং সেগুলো যথাযথভাবে কাজ করেছে।

৫. ইঞ্জিনের অক্সিলিয়ারি সিস্টেম মোটর (যেমন বুস্টার মোটর, প্রিলুব মোটর, লুব অয়েল সেপারেটর মোটর, লুব অয়েল ফিড পাম্প মোটর, প্রিহিটার, টার্নিং গিয়ার মোটর ইত্যাদি) এবং প্যানেলের (যেমন BJA, CFE, NGR, ও MC) অর্ধবার্ষিক schedule maintenance এর আওতায় নিম্নোক্ত কাজগুলো সম্পাদন করা হয়েছে।

ক. সমস্ত প্যানেল কুলিং ফিল্টার, মোটর বডি এবং কুলিং ফ্যান পরিষ্কার করা হয়েছে।

খ. সমস্ত মোটর এবং প্যানেলের electrical connection tightness যথাযথভাবে নিশ্চিত করা হয়েছে।

গ. মোটরের winding resistance পরিমাপ করা হয়েছে এবং স্বাভাবিক পাওয়া গেছে।



চিত্রঃ মোটর বডি এবং কুলিং ফ্যান পরিষ্কার করার পূর্বে ও পরে।



প্যানেলের electrical connection tightness নিশ্চিত করা হচ্ছে।

৬ . Fire detection system এর মাসিক schedule maintenance এর আওতায় স্টোর, রাসায়নিক ল্যাব, পাম্প হাউস, কন্ট্রোল বিল্ডিংসহ বিদ্যুৎ কেন্দ্রের সকল স্থানে fire detection device সমূহ check করার লক্ষ্যে নিম্নোক্ত কাজগুলো সম্পাদন করা হয়েছে-

ক. সমস্ত ম্যানুয়াল পুশ বোতাম, স্মোক ডিটেক্টর এবং মাল্টি সেন্সর পরীক্ষা করা হয়েছে এবং যথাযথ পাওয়া গেছে।

খ. ডিভাইস এবং প্যানেল পরিষ্কার করা হয়েছে।

গ. প্যানেলের electrical connection tightness যথাযথভাবে নিশ্চিত করা হয়েছে।



চিত্রঃ প্যানেল পরিষ্কার করা হচ্ছে।

খুলনা ২২৫ মেঃওঃ কস্‌হাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে সিএসআর কার্যক্রম

পবিত্র মাহে রমজান এবং ঈদুল ফিতর উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর সিএসআর তহবিল হতে খুলনা ২২৫ মেঃওঃ কস্‌হাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পার্শ্ববর্তী ২০০ জন দরিদ্র ও অসহায়দের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়।



## ভেড়ামারা ৪১০ মেঃওঃ কস্মাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে সিএসআর কার্যক্রম

পবিত্র মাহে রমজান এবং ঈদুল ফিতর উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর সিএসআর তহবিল হতে ভেড়ামারা ৪১০ মেঃওঃ কস্মাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পার্শ্ববর্তী দরিদ্র ও অসহায়দের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়।



## মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে সিএসআর কার্যক্রম

পবিত্র মাহে রমজান এবং ঈদুল ফিতর উপলক্ষে ২ এপ্রিল ২০২৪ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর সিএসআর তহবিল হতে বাগেরহাট, মোল্লাহাটে অবস্থিত মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের পার্শ্ববর্তী ২০০ জন দরিদ্র ও অসহায়দের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়।



## এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের নতুন পরিচালককে বরণ

২১ মে ২০২৪ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক হিসেবে যোগদান করায় জনাব অঞ্জনা খান মজলিশ, সদস্য (অর্থ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড মহোদয়কে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।



## এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের বিদায়ী প্রধান প্রকৌশলীকে সম্বর্ধনা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর প্রধান প্রকৌশলী জনাব হাসিবুল হাসান গত ২২ মে ২০২৪ ইং তারিখে চাকুরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন। এ প্রেক্ষিতে ২৮ মে ২০২৪ তারিখে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে তাঁর উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করে তাঁকে বিদায় সম্বর্ধনা প্রদান করা হয়।



## গ্যাস সাপ্লাই এগ্রিমেন্ট (জিএসএ) স্বাক্ষর

রূপসা ৮০০ মেঃওঃ কন্সট্রাক্ট সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর জন্য ২৮ মার্চ ২০২৪ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ ও সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ গ্যাস সাপ্লাই এগ্রিমেন্ট (জিএসএ) স্বাক্ষরিত হয়।



## Cyber Resilience Program) এর জন্য এমওইউ স্বাক্ষর

৩০ মে ২০২৪ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর আওতাধীন বিজিডি ই-গভ সার্ট এর মধ্যে সাইবার রেজিলিয়েন্স প্রোগ্রাম (Cyber Resilience Program) বাস্তবায়নের জন্য এনডব্লিউপিজিসিএল এর কর্পোরেট অফিসে একটি এমওইউ (MoU) স্বাক্ষরিত হয়।



## ইনোভেশন পুরস্কার ২০২৩-২৪ প্রদান



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ কাজী আবসার উদ্দীন মহোদয় ২৮ মে ২০২৪ তারিখে কোম্পানির বোর্ড রুম, কর্পোরেট অফিস, ঢাকায় ইনোভেশন প্রতিযোগিতা ২০২৩-২৪ এর পুরস্কার বিতরণ করেন। পুরস্কার প্রাপ্ত আইডিয়া ও টীমমেম্বারদের তালিকা নিম্নরূপ:

### ১। প্রথম পুরস্কার: Facilitating an Online Cooler Cleaning System

টীম মেম্বার: সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-০৩) এর প্রকৌশলীবৃন্দ- মোঃ মিজানুর রহমান, নির্বাহী প্রকৌশলী; জনাব আবদুল্লাহ মুবিন চৌধুরী, উপ-বিভাগীয় প্রকৌশলী; মোঃ মনিরুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী; মোঃ মাকসুদুর রহমান, সহকারী প্রকৌশলী।

### ২। দ্বিতীয় পুরস্কার: Reverse Osmosis (RO) এর Logic Modification এর মাধ্যমে RO System এর Smooth Operation এর ব্যবস্থাকরণ।

টীম মেম্বার: খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর প্রকৌশলীবৃন্দ- মোঃ শামসুদ্দিন মন্ডল, নির্বাহী প্রকৌশলী; কৌশিক মালাকার, সহকারী প্রকৌশলী; মোঃ আশরাফুল আলম, উপ-সহকারী প্রকৌশলী।

### ৩) তৃতীয় পুরস্কার: Installation of New Sulphuric Acid Dosing System in Place of existing Complex and corroded System.

টীম মেম্বার: পীযুষ ভট্টাচার্য, নির্বাহী প্রকৌশলী, কর্পোরেট অফিস এবং ভেড়ামারা ৪১০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর প্রকৌশলীবৃন্দ- নিলয় দাশ, সহকারী প্রকৌশলী; মোঃ বদরুদ্দোজা, উপ-সহকারী প্রকৌশলী।

এছাড়া নিম্নোক্ত উদ্ভাবনী কার্যক্রমসমূহকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়:

১) Enhancing the reliability and cost-effectiveness by facilitating provision of using service air in addition with dedicated air compressor to operate pneumatic louvre of EDG enclosure.

টীম মেম্বার: পীযুষ ভট্টাচার্য, নির্বাহী প্রকৌশলী, কর্পোরেট অফিস এবং ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর প্রকৌশলীবৃন্দ- মোঃ রাকিবুল ইসলাম, সহকারী প্রকৌশলী; মোঃ বদরুদ্দোজা, উপ-সহকারী প্রকৌশলী।

২) বিদ্যুৎ কেন্দ্রের অধিকতর নিরাপত্তা নিশ্চিত করার জন্য সীমানা দেয়ালের উপর বার্বেড ফেন্সিং এর পাশাপাশি লেজার সিকিউরিটি সিস্টেম প্রবর্তন।

টীম মেম্বার: মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও বিদ্যুৎ কেন্দ্র এর প্রকৌশলীবৃন্দ- মোঃ আরিক ইয়াসীর রুশদী, উপ-বিভাগীয় প্রকৌশলী; শেখ নাইম হোসেন, সহকারী প্রকৌশলী; সাজু মিয়া, উপ-সহকারী প্রকৌশলী; মাযহারুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী।

৩) বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যমান Air Inlet System আংশিক Modification করে ইঞ্জিন হলে পর্যাপ্ত বাতাস সরবরাহের মাধ্যমে ইঞ্জিন ঠান্ডা রাখা।

টীম মেম্বার: মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও বিদ্যুৎ কেন্দ্র এর প্রকৌশলীবৃন্দ- ইন্দ্রজিৎ কুমার চক্রবর্তী, উপ-বিভাগীয় প্রকৌশলী, মোঃ ফয়সাল হোসেন, সহকারী প্রকৌশলী; মোঃ মোজাম্মেল হক মুরাদ, উপ-সহকারী প্রকৌশলী; জনাব হৃদয় সাহা।

৪) Backwash cleaning দ্বারা বিদ্যুৎ কেন্দ্রের বিবিধ plate type heat exchanger সমূহের (e.g., ST Lube Oil Cooler, CCW Heat exchanger) non-demineralized water circuit এর online cleaning সম্পন্নকরণ।

টীম মেম্বার: খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর প্রকৌশলীবৃন্দ- মোঃ মনজুবুল হক পারভেজ, নির্বাহী প্রকৌশলী; ফয়সল আহমদ, উপ-বিভাগীয় প্রকৌশলী; মোঃ রাকিব হাসান সাগর, সহকারী প্রকৌশলী।

পুরস্কারপ্রাপ্ত টিমকে ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। এছাড়া, ১ম স্থান অধিকারী আইডিয়ার টিমকে ৫০,০০০ হাজার টাকা; ২য় স্থান অধিকারী আইডিয়ার টিমকে ৩০,০০০ হাজার টাকা; ৩য় স্থান অধিকারী আইডিয়ার টিমকে ২০,০০০ হাজার টাকা এবং বিশেষ পুরস্কার প্রাপ্ত আইডিয়াগুলোর টিমকে ১০,০০০ টাকা করে প্রদান করা হয়।

## অপটিমাইজড মেইনটেইনেন্স এগ্রিমেন্ট স্বাক্ষর

১৯ মে ২০২৪ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এবং ওয়ার্টসিলা বাংলাদেশ লিমিটেড এর মধ্যে এনডব্লিউপিজিসিএল এর আওতাধীন মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও বিদ্যুৎ কেন্দ্রের জন্য অপটিমাইজড মেইনটেইনেন্স এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় এপ্রিল-জুন ২০২৪ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।